স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয়ভাবে কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত সভার বিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ লিটন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
পত্নীতলা, নওগাঁ।

সভার তারিখ ও সময় ঃ ১২ আগস্ট, ২০২০ খ্রিঃ ; বেলা: ১১:০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, পত্নীতলা, নওগাঁ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। অত:পর সভাপতি বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত জাতীয় কর্মসূচির আলোকে এ উপজেলায় সরকারিভাবে কর্মসূচী প্রণয়ন ও সুষ্ঠু বাস্তবায়ন বিষয়ে সকলের পরামর্শ চান।

০১। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২০ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচি গৃহীত হয়।

**কর্মসূচি**

| ক্রঃ নং | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ১৫ আগষ্ট ২০২০ সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠান / শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | স্ব স্ব ভবন | প্রতিষ্ঠানের প্রধান ও স্ব স্ব ভবনের মালিকগণ |
| ০২ | সকাল ৯:০০টা | বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | সরদারপাড়া মোড়, নজিপুর, পত্নীতলা, নওগাঁ। | উপজেলা প্রশাসন এবং অনুষ্ঠান বাস্তবায়ন কমিটি |
| ০৩ | বেলা ১০:০০টা | জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, পুরস্কার বিতরণ, যুবঋণের চেক বিতরণ, নন এমপিওভুক্ত শিক্ষকদের মাঝে চেক বিতরণ, দলিত হরিজন সম্প্রদায়ের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির চেক বিতরণ এবং প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ। | উপজেলা পরিষদ অডিটরিয়াম | ১। উপজেলা প্রশাসন এবং অনুষ্ঠান বাস্তবায়ন কমিটি<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। উপজেলা সমাজসেবা অফিসার<br>৪। উপজেলা যুব উন্নয়ন অফিসার, পত্নীতলা, নওগাঁ। |
| ০৪ | সুবিধামত সময়ে | ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, কলেজসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতিপূর্ণ আলোচনাসভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন। | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, পত্নীতলা, নওগাঁ। |
| ০৫ | বাদ জোহর | বিশেষ মোনাজাত ও দোয়া মাহফিল (সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে)। | উপজেলার সকল মসজিদ | ১। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন<br>২। স্ব-স্ব মসজিদের ইমামগণ |
| ০৬ | সুবিধাজনক সময়ে | বিশেষ প্রার্থনা (সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে)। | উপজেলার সকল মন্দির, গীর্জা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয় | স্ব-স্ব মন্দির, গীর্জা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয় কর্তৃপক্ষ। |
| ০৭ | বাদ জোহর | হাসপাতাল ও এতিমখানায় উন্নত মানের খাবার পরিবেশন এবং মিলাদ মাহফিল ও দোয়া। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও সকল এতিমখানা, পত্নীতলা | ১। উপজেলা স্বাস্থ্য ও প.প. অফিসার<br>২। উপজেলা সমাজসেবা অফিসার পত্নীতলা, নওগাঁ। |
| ০৮ | সন্ধ্যা ৫৭:১০ টা | বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামাণ্য চলচিত্র প্রদর্শণ। | নজিপুর বাসস্ট্যান্ড | ১। উপজেলা প্রশাসন<br>২। মেয়র, নজিপুর পৌরসভা পত্নীতলা, নওগাঁ। |

(চলমান পাতা/২)

<u>অনুষ্ঠান বাস্তবায়ন কমিটি</u> (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ শহীদুজ্জামান সরকার, বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য, ৪৭, নওগাঁ-২। | - প্রধান উপদেষ্টা |
| ০২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পত্নীতলা, নওগাঁ। | - উপদেষ্টা |
| ০৩. | উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগাঁ। | - সভাপতি |
| ০৪. | মেয়র, নজিপুর পৌরসভা, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ০৫. | সহকারী কমিশনার (ভূমি), পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ০৬. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ০৭. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ০৮. | জনাব মোঃ আব্দুল খালেক চৌধুরী, সভাপতি (ভারপ্রাপ্ত),বাংলাদেশ আওয়ামীলীগ, পত্নীতলা উপজেলা শাখা। | - সদস্য |
| ০৯. | জনাব ময়েজ উদ্দীন আহম্মেদ, প্রাক্তন অধ্যক্ষ, নজিপুর সরকারি কলেজ, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ১১. | উপজেলা প্রকৌশলী, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ১২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ১৩. | উপজেলা শিক্ষা অফিসার, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ১৪. | উপজেলা সমাজসেবা অফিসার, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পত্নীতলা, নওগাঁ | - সদস্য |
| ১৭. | চেয়ারম্যান, নজিপুর ইউপি, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ১৮. | জনাব মোঃ আবুল কালাম আজাদ, সদস্য, জেলা পরিষদ, নওগাঁ। | - সদস্য |
| ১৯. | জনাব মোঃ সোলাইমান আলী, বীর মুক্তিযোদ্ধা, পত্নীতলা, নওগাঁ। | - সদস্য |
| ২০. | জনাব মোঃ বুলবুল চৌধুরী, সাংবাদিক, পত্নীতলা, নওগা। | - সদস্য |

<u>" জাতীয় পতাকা অর্ধনমিত রাখা তদারকি উপ-কমিটি "</u>

| | |
|---|---|
| ১) সহকারী কমিশনার (ভূমি), পত্নীতলা, নওগাঁ | আহবায়ক |
| ২) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পত্নীতলা, নওগাঁ। | সদস্য |
| ৩) ইন্সপেক্টর (তদন্ত), পত্নীতলা থানা, নওগাঁ | সদস্য |
| ৪) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পত্নীতলা, নওগাঁ | সদস্য |
| ৫) জনাব মোঃ সাইদুর রহমান, বীর মুক্তিযোদ্ধা, পত্নীতলা, নওগাঁ। | সদস্য |

<u>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি:</u>

| | |
|---|---|
| ১. উপজেলা কৃষি অফিসার, পত্নীতলা, নওগাঁ | আহবায়ক |
| ২. উপজেলা প্রকৌশলী, পত্নীতলা, নওগাঁ | সদস্য |
| ৩. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পত্নীতলা, নওগাঁ | সদস্য |
| ৪. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পত্নীতলা, নওগাঁ | সদস্য |

০২। ১৫ আগস্ট ২০২০ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে পালনের উদ্দেশ্যে বিস্তারিত আলোচনায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহীত হয়

১. জাতীয় পতাকার প্রকৃত মাপ, রং এবং জাতীয় পতাকা অর্ধনমিত রাখার সঠিক নিয়ম সম্পর্কে জনগণকে সচেতন করার লক্ষ্যে বিষয়টি মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

২. জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে যথাযোগ্য মর্যাদায় শোক দিবস পালন করার জন্য অনুরোধ জানানো হয়।

৩. ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে সকাল থেকে সকলেই নিজ ব্যবস্থাপনায় কালো ব্যাজ ধারণ ও মাক্স ব্যবহার করবেন।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, পত্নীতলাকে নিজ নিজ কর্মসূচি(গান, আবৃত্তি ও ভাষণ প্রতিযোগিতা) সমাপন করবেন।

৫. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান/ সংগঠন সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি অনুসরণ করে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে আগমন করবেন। তবে, পুষ্পস্তবক অর্পণের সময় বঙ্গবন্ধুর প্রতিকৃতির সামনে প্রতিটি প্রতিষ্ঠান/সংগঠনের পক্ষে ০৫ জনের বেশী প্রবেশ করবেন না।

৬. পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি অনুসরণ করে স্কাউট ও রোভার স্কাউট অংশগ্রহণ করবে।

৭. প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠানে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে যথানিয়মে পুষ্পস্তবক অর্পণের ব্যবস্থা করতে হবে।

চলমান পাতা/০৩

৮. এনজিও প্রধানগণকে স্ব স্ব প্রতিষ্ঠানে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে যথাযোগ্য মর্যাদায় শোক দিবস পালন করার জন্য অনুরোধ জানানো হয়।

৯. সভায় ১৫ আগষ্ট তারিখে জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে ট্রাফিক ব্যবস্থাকরণসহ আয়োজিত অনুষ্ঠান মালায় সার্বিক আইন শৃংখলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, পত্নীতলা থানাকে অনুরোধ জানানো হয়।

১০. অনুষ্ঠানমালা চলাকালীন প্রাথমিক চিকিৎসা প্রদানের নিমিত্তে একটি চিকিৎসক দল নিয়োগের জন্য উপজেলা স্বাস্থ্য ও প.প. অফিসার, পত্নীতলা, নওগাঁকে অনুরোধ জানানো হয়।

১১. অনুষ্ঠানমালা চলাকালীন বিদ্যুৎ ব্যবস্থা নিরবিচ্ছিন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জি.এম., পত্নীতলা, নওগাঁকে অনুরোধ জানানো হয়।

১২. পুষ্পস্তবক অর্পণের পর যাতে কেউ ফুল ও বঙ্গবন্ধুর প্রতিকৃতি নষ্ট করতে না পারে সে উদ্দেশ্যে পুষ্পস্তবক অনুষ্ঠানস্থল (সরদারপাড়ার মোড়) ১৫ আগস্ট সারাদিন পুলিশ প্রহরা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, পত্নীতলা থানাকে অনুরোধ জানানো হয়।

১৩. সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের প্রতিটি অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হয়।

পত্নীতলা উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা-কর্মচারীকে এবং সর্বস্তরের জনসাধারণকে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপস্থিত থেকে প্রণীত সকল কর্মসূচি সফল করার আহবান জানান হয় এবং আজকের সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২/০৮/২০২০

(মোঃ লিটন সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
পত্নীতলা, নওগাঁ।
টেলিফোন : ০৭৪২৮-৬৩০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পত্নীতলা, নওগাঁ।

স্মারক নং- ০৫.৪৩.৬৪৭৫.০০০.১৪.০০২.২০- ৪৩১

তারিখ : ১২/০৮/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে ঃ

০১। বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য-৪৭, নওগাঁ-২।
০২। জেলা প্রশাসক, নওগাঁ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পত্নীতলা, নওগাঁ।
০৪। মেয়র, নজিপুর পৌরসভা, পত্নীতলা, নওগাঁ।
০৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পত্নীতলা, নওগাঁ।
০৬। উপজেলা ......................................................অফিসার, পত্নীতলা, নওগাঁ।
০৭। চেয়ারম্যান ................................................(সকল), ইউ,পি, পত্নীতলা, নওগাঁ।
০৮। ........................................................................
........................................................................

১২/০৮/২০২০

(মোঃ লিটন সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
পত্নীতলা, নওগাঁ।